

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(সাধারণ ও সংস্থাপন শাখা)  
Web: (www.supremecourt.gov.bd)

অফিস আদেশ নং- ২১/২০২৬ (পি এন্ড ডি)

তারিখ: ২২/০৬/২০২৬ খ্রি.

**বিজ্ঞপ্তি**

যেহেতু জনাব মো: আক্বাহ আলী বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে মাননীয় বিচারপতি জনাব মো: হাবিবুল গনি মহোদয়ের গাড়ীচালক হিসেবে কর্মরত আছেন। তিনি গত ১৮/০৬/২০২৬ খ্রি. তারিখ সকাল আনুমানিক ৯:০০ ঘটিকার সময় হাতিরঝিল এলাকায় কিছু বহিরাগত ব্যক্তিকে মাননীয় বিচারপতি মহোদয়ের গাড়ীতে তুলেন। এ ঘটনা জানার পর বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল মহোদয় তাকে ডেকে পাঠান। তিনি বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের সম্মুখে হাজির হলে তাকে জিজ্ঞাসাবাদ করা হয়। জিজ্ঞাসাবাদে তিনি উক্ত ঘটনার সত্যতা স্বীকার করেন এবং এরূপ ঘটনা ইতোপূর্বেও ঘটিয়েছেন মর্মে জানান।

গাড়ীচালক জনাব মো: আক্বাহ আলীর এরূপ কার্য মাননীয় বিচারপতি মহোদয়ের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার শঙ্কা তৈরি করে। তাছাড়াও তার উক্তরূপ কার্য অফিস শৃঙ্খলা পরিপন্থী, The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 2(4) অনুযায়ী অসদাচরণের সাক্ষরিত, বিধি 2(4) সঙ্গে পঠিতব্য 3(b) এর অপরাধ, যা বিধি 4(1) অনুযায়ী শাস্তিযোগ্য। অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে আশু সাময়িক বরখাস্ত (Suspend) করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়।

সেহেতু গাড়ীচালক জনাব মো: আক্বাহ আলীকে The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর বিধি 10(1) অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে অভিজুক্ত কর্মচারী প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আদেশক্রমে

স্বা/-

তাং- ২২/০৬/২৬

(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,

ঢাকা।

তারিখঃ- ২২/০৬/২৬

স্মারক নং-

৪২৪৫ (৩)

জি,ই,এস,

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।

২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং- ৫২৮, ৫ম তলা, সি,জি,এ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।


৩। ডি,ডি,ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৫। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৬। হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৭। জনাব মো: আক্বাহ আলী, গাড়ীচালক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

  
ডেপুটি রেজিস্ট্রার  
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)